রেজিস্টার্ড নং ডি এ -১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২২, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন শাখা - ৪

## প্রজ্ঞাপন

**তারিখ : ২১শে জুলাই ১৯৯৯/৬ই শ্রাবণ ১৪০৬**

এস, আর, ও নং ২১৫-আইন/৯৯—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০ নং আইন) এর ধারা ৫৫ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ ঃ**— (১) এই বিধিমালা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা এ্যালকোহল ব্যতীত অন্যান্য মাদকদ্রব্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা ঃ**— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০ নং আইন)।

(খ) "ছাড়পত্র" অর্থ বিধি ৪ এর অধীন প্রদেয় ছাড়পত্র।

(গ) "দ্রব্য বা উদ্ভিদ" অর্থ কোন মাদকদ্রব্যের উৎপাদনে ব্যবহৃত হয় এইরূপ কোন দ্রব্য বা উদ্ভিদ।

(ঘ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত কোন ফরম।

(ঙ) "ব্যবস্থাপত্র" অর্থ আইনের ধারা ১৩ এর অধীন কোন ব্যবস্থাপত্র।


মূল্যঃ টাকা ৬.০০

৩। **মাদকদ্রব্য ইত্যাদি আমদানী ও রপ্তানীর লাইসেন্স** ঃ— (১) মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ আমদানী বা রপ্তানীর লাইসেন্সের জন্য ফরম-১ এ আবেদন করিতে হইবে।

(২) ফরম-২ এ মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ আমদানী বা রপ্তানীর লাইসেন্স প্রদান করা হইবে।

৪। **মাদকদ্রব্য ইত্যাদি আমদানী ও রপ্তানীর ছাড়পত্র** ঃ— (১) মহাপরিচালক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছাড়পত্র ব্যতীত কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ আমদানী বা রপ্তানী করা যাইবে না।

(২) ছাড়পত্র বিধি ৩ এর অধীন প্রদেয় লাইসেন্সের অতিরিক্ত হইবে এবং প্রত্যেকবার মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ আমদানী বা রপ্তানীর পূর্বে ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

(৩) ছাড়পত্রের জন্য ফরম-১ এ আবেদন করিতে হইবে।

(৪) ছাড়পত্রের আবেদন পত্রে বর্ণিত তথ্যাবলী মহাপরিচালক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা পরীক্ষা করিয়া দেখিবেন এবং প্রয়োজন মনে করিলে, উহাদের সঠিকতা যাচাইকল্পে তদন্ত অনুষ্ঠান কিংবা তাঁহার মতে উপযুক্ত বলিয়া বিবেচিত কোন চিকিৎসক বা বিজ্ঞান গবেষকের সহিত পরামর্শ করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন পরীক্ষা, তদন্ত বা পরামর্শ এর ফলাফল মহাপরিচালক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট সন্তোষজনক হইলে ফরম-৩ এ ছাড়পত্র প্রদান করা যাইবে।

৫। **মাদকদ্রব্য ইত্যাদি উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের লাইসেন্স** ঃ— (১) মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণের লাইসেন্সের জন্য ফরম-৪ এ আবেদন করিতে হইবে।

(২) ফরম-৫ এ মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণের লাইসেন্স প্রদান করা হইবে।

(৩) কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণের লাইসেন্স প্রদানের পূর্বে মহাপরিচালক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদের সামগ্রিক চাহিদা নিরূপণ করিবেন এবং তজ্জন্য প্রয়োজন মনে করিলে তিনি স্বাস্থ্য অধিদপ্তর বা অন্য কোন উপযুক্ত ব্যক্তি বা কর্তৃপক্ষের সহিত পরামর্শ করিতে পারিবেন।

(৪) লাইসেন্সের অধীন কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ সরকার কর্তৃক স্বীকৃত কোন ফার্মাকোপিয়া বা আন্তর্জাতিক ফর্মুলা লংঘন করিয়া অন্য কোনভাবে উৎপাদন বা প্রক্রিয়াজাত করা যাইবে না।

(৫) কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণে ব্যবহৃত উপাদান ও কাঁচামাল অনুরূপ ব্যবহারের পূর্বে সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট পরীক্ষার জন্য পেশ করিতে হইবে এবং উক্ত পরীক্ষার ফলাফল উৎপাদক বা প্রক্রিয়াজাতকারী সংরক্ষণ করিবেন।

(৬) লাইসেন্সের অধীন উৎপাদন বা প্রক্রিয়াজাতকৃত মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ বাজারজাত করার পূর্বে মহাপরিচালক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট উহার নমুনা পেশ করিতে হইবে এবং মহাপরিচালক বা উক্ত কর্মকর্তা কর্তৃক ছাড়পত্র প্রদান না করা পর্যন্ত উক্ত মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ বাজারজাত করার যাইবে না।

(৭) মহাপরিচালক সময় সময় লাইসেন্সের অধীন উৎপাদিত বা প্রক্রিয়াজাতকৃত মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ খোলা বাজার হইতে সংগ্রহ করিয়া পরীক্ষা করিতে পারিবেন এবং উহা লাইসেন্সে বর্ণিত মানসম্পন্ন না ইহলে উৎপাদক বা প্রক্রিয়াজাতকারীর লাইসেন্স বাতিল করিতে পারিবেন।

(৮) লাইসেন্সের অধীন উৎপাদিত বা প্রক্রিয়াজাতকৃত মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদের মোড়ক, প্যাকেট, শিশ ও এ্যাম্পুলের গায়ে উহার উপাদান ও প্রত্যেকটি উপাদানের পরিমাণ উল্লেখ করিতে হইবে এবং "চিকিৎসকের ব্যবস্থাপত্র ব্যতীত ব্যবহার বিপজ্জনক" কথাগুলি মুদ্রিত থাকিতে হইবে।

৬। **মাদকদ্রব্য ইত্যাদি বিক্রয় ঃ—** (১) কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ উহার আমদানিকারক, উৎপাদক বা প্রকিয়াজাতকারী ব্যতীত কেহ পাইকারী বিক্রয় করিতে পারিবে না এবং লাইসেন্সপ্রাপ্ত খুচরা বিক্রেতা ব্যতীত কেহ খুচরা বিক্রয় করিতে পারিবে না।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোন পাইকারী বা খুচরা বিক্রেতা তাহার পণ্য বিক্রয়ের জন্য বিক্রয়কারী নিয়োগ করিতে পারিবেন, তবে নিযুক্ত ব্যক্তিকে কমপক্ষে যোগ্যতাসম্পন্ন ফার্মাসিষ্ট বা কম্পাউন্ডার হইতে হইবে।

(৩) নিম্নবর্ণিতদের নিকট ব্যতীত কাহারও নিকট এবং তাহাদের নিজ নিজ লাইসেন্স বা পারমিটে বর্ণিত পরিমাণের অধিক, কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ পাইকারী বিক্রয় করা যাইবে না, যথা ঃ-

(ক) লাইসেন্স ও ছাড়পত্রপ্রাপ্ত আমদানীকারক বা রপ্তানীকারক;

(খ) লাইসেন্সপ্রাপ্ত উৎপাদক বা প্রক্রিয়াজাতকারী;

(গ) লাইসেন্সপ্রাপ্ত খুচরা বিক্রেতা; এবং

(ঘ) পারমিটপ্রাপ্ত ব্যবহারকারী।

(৪) ব্যবস্থাপত্রধারী কোন রোগী বা তাহার নিযুক্ত প্রতিনিধির নিকট ব্যতীত কাহারও নিকট কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ খুচরা বিক্রয় করা যাইবে না।

(৫) ব্যবস্থাপত্রের অধীন কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ—

(ক) উক্ত ব্যবস্থাপত্রে বর্ণিত পরিমাণের অধিক এবং মাত্র একবারের বেশী বিক্রয় করা যাইবে না; এবং

(খ) বিক্রয়ের পর উক্ত ব্যবস্থাপত্রের উপর "বিক্রয় করা হইল" মর্মে বিক্রেতা কর্তৃক সীল মোহরাংকিত করিতে হইবে, এবং উক্ত ব্যবস্থাপত্রের একটি অনুলিপি বিক্রেতা কর্তৃক সংরক্ষণ করিতে হইবে।

(৬) কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ খুচরা বিক্রয়ের লাইসেন্সের জন্য ফরম-৬ এ আবেদন করিতে হইবে।

(৭) ফরম-৭ এ মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ খুচরা বিক্রয়ের লাইসেন্স প্রদান করা হইবে।

৭। **ব্যবস্থাপত্র** ঃ— (১) ব্যবস্থাপত্র প্রদানকারী প্রত্যেক চিকিৎসক তাহার নিজ নামে মুদ্রিত প্যাডে ব্যাবস্থাপত্র দিবেন এবং ব্যবস্থাপত্রে স্পষ্টভাবে উক্ত চিকিৎসকের নাম, ঠিকানা, অর্জিত ডিগ্রী, রেজিষ্ট্রেশন নম্বার, স্বাক্ষর, তারিখ, রোগীর নাম, ঠিকানা, বয়স, লিংগ, রোগীকে পরীক্ষা করার ফলাফল, রোগীর প্রতি বিশেষ উপদেশ, রোগীর জন্য নির্বাচিত মাদকদ্রব্যের বাণিজ্যিক ও বৈজ্ঞানিক নাম, পরিমাণ, ব্যবহারের সঠিক মাত্রা, পৌণঃপুনিকতা, সময়কাল এবং নিয়ম বহির্ভূত ব্যবহারে বিপদের সম্ভাবনা সম্পর্কে সতর্কতা বাণী লিখিত থাকিবে।

(২) ব্যবস্থাপত্রটি কোন পশু চিকিৎসক কর্তৃক প্রদত্ত হইলে উপ-বিধি (১) এ বর্ণিত তথ্যাবলীর ক্ষেত্রে রোগীর বিবরণের পরিবর্তে পশুর বিবরণ এবং সেই সংগে পশুর মালিকের নাম, ঠিকানা, বয়স, পেশা ও লিংগ লিখিতে হইবে এবং ব্যবস্থাপত্রের উপর "শুধুমাত্র পশু চিকিৎসার জন্য ব্যবহার্য" কথাটি লিখিতে হইবে।

(৩) ব্যবস্থাপত্র তিন কপিতে প্রদত্ত হইবে, ১ম ও ২য় কপি রোগীকে প্রদান করিতে হইবে এবং ৩য় কপি চিকিৎসক কর্তৃক সংরক্ষিত হইবে।

৮। **মাদকদ্রব্য ইত্যাদি ব্যবহারের পারমিটি** ঃ— (১) মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ ব্যবহারের পারমিটের জন্য ফরম-৮ এ আবেদন করিতে হইবে।

(২) ফরম- ৯ এ মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ ব্যবহারের পরামিট প্রদান করা হইবে।

৯। **মাদকদ্রব্য ইত্যাদি বহন বা পরিবহনের পাস** ঃ— (১) মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ বহন বা পরিবহনের পাসের জন্য ফরম-১০ এ আবেদন করিতে হইবে।

(২) ফরম-১১ এ মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ বহন বা পরিবহনের পাস প্রদান করা হইবে।

(৩) রেল, সড়ক, নৌ ও আকাশ পথের যে কোন এক বা একাধিক পথে মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ বহন বা পরিবহন করা যাইবে, তবে পাসের উপর অবশ্যই বহন বা পরিবহন পথ লিপিবদ্ধ থাকিতে হইবে এবং কোনক্রমেই পাসে উল্লিখিত পথ ব্যতীত অন্য কোন পথে কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ বহন বা পরিবহন করা যাইবে না।

(৪) একমাত্র কোন দৈব দুর্ঘটনা বা প্রাকৃতিক দুর্যোগের কারণ ব্যতীত, কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ বহন বা পরিবহনকালে হারাইয়া গেলে, চুরি হইলে, কিংবা উহাতে যে কোন পরিমাণ ঘাটতি হইলে তজ্জন্য বহন বা পরিবহনকারী ব্যক্তি দায়ী থাকিবেন এবং উহার নিরাপত্তা ও হেফাজতের উপযুক্ত ব্যবস্থা করিয়াছেন মর্মে প্রমাণ করিতে না পারিলে উক্ত ব্যক্তি মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদের অপব্যবহারকারী বলিয়া গণ্য হইবেন এবং তজ্জন্য আইন অনুযায়ী শাস্তিযোগ্য হইবেন।

(৫) যে কোন পাস উহার প্রদানের তারিখ হইতে এক মাসের মধ্যে ব্যবহার করিতে হইবে এবং পাসে বর্ণিত সময়সীমার মধ্যে বহন বা পরিবহন কাজ সমাপ্ত করিতে হইবে।

(৬) লাইসেন্স বা পারমিটপ্রাপ্ত ব্যক্তি ব্যতীত অন্য কেহ কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ বহন বা পরিবহন করিতে চাহিলে পাসের আবেদনপত্রে সংশ্লিষ্ট মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদের লাইসেন্স বা পারমিট প্রাপ্ত ব্যক্তি উক্ত বহন বা পরিবহনকারী ব্যক্তির সততা ও সুনাম সম্পর্কে প্রত্যয়ন করিবেন এবং বহন বা পরিবহনের জন্য উক্ত ব্যক্তিকে যথাযথভাবে ক্ষমতা অর্পণ করিবেন।

(৭) পোষ্ট অফিস বা কোন পবিহন সংস্থার মাধ্যমে কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ পরিবহন করিতে হইলে পাসের একটি সত্যায়িত ফটোকপি উক্ত মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদের বাক্স, পার্সেল বা মোড়কের গায়ে ভালোভাবে আটিয়া দিতে হইবে যাহাতে উহা কোন ভাবেই বিচিছন্ন না হয়।

(৮) কোন সরকারী হাসপাতাল ক্লিনিক বা ডিসপেনসারীর একটি হইতে অন্যটিতে মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ বহন বা পরিবহন করিতে পাসের প্রয়োজন হইবে না, এইক্ষেত্রে প্রেরণকারী হাসপাতাল, ক্লিনিক বা ডিসপেনসারীরর প্রধান মেডিকেল অফিসার কর্তৃক পদত্ত চালান বা ইনডেন্ট অধিদপ্তরের সংশ্লিষ্ট উপ-অঞ্চলের কোন প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইলে উহা পাস হিসাবে গণ্য হইবে।

(৯) ব্যবস্থাপত্রের ভিত্তিতে কোন রোগী বা তাহার প্রতিনিধি কর্তৃক কোন খুচরা বিক্রয়ের দোকন হইতে কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ ক্রয় করিয়া উহা বহন বা পরিবহনের জন্য পাসের প্রয়োজন হইবে না, এইক্ষেত্রে ব্যবস্থাপত্রই পাস বলিয়া গণ্য হইবে।

(১০) মাদকদ্রব্য সংক্রান্ত দায়িত্ব পালনকালে অধিদপ্তরের কোন কর্মকর্তার সংশ্লিষ্ট মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ বহন বা পরিবহনের জন্য পাসের প্রয়োজন হইবে না, অধিদপ্তর কর্তৃক তাহাকে দায়িত্ব প্রদান সম্পর্কিত কাগজপত্রই পাস বলিয়া গণ্য হইবে।

**১০। ফি ঃ**— এই বিধিমালার অধীন প্রদেয় প্রত্যেক লাইসেন্স ও পরিমিটের জন্য নিম্নবর্ণিত হারে ফি "৬-মাদকশুল্ক" খাতে ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক অথবা সরকার নির্ধারিত যে কোন তফসিলী ব্যাংকে জমা প্রদান করিতে হইবে, যথা ঃ—

(ক) আমদানী ও রপ্তানী লাইসেন্স ১০,০০০ টাকা ;
(খ) উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ লাইসেন্স ১০,০০০ টাকা ;
(গ) খুচরা বিক্রয় লাইসেন্স ১,০০০ টাকা ;
(ঘ) ব্যবহারের জন্য পারমিট ১,০০০ টাকা।

**১১। সিউরিটি বন্ড ঃ**—আমদানি, উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণ লাইসেন্স গ্রহণের পূর্বে উক্ত লাইসেন্সের আবেদনকারীকে মহাপরিচালক বরাবরে তৎকর্তৃক নির্ধারিত টাকার সিউরিটি বন্ড প্রদান করিয়া ঘোষণা করিতে হইবে যে, আইনের ধারা ৯ এর উপ-ধারা (৩) এ বর্ণিত উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে সংশ্লিষ্ট মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ বাবহার করা হইবে না।

**১২। লাইসেন্স ইত্যাদির মেয়াদ ঃ**— এই বিধিমালা অনুসারে প্রদেয় সকল লাইসেন্স ও পারমিটের মেয়াদ ১লা জুলাই হইতে ৩০শে জুন পর্যন্ত এক অর্থ বৎসর হইবে, তবে আবেদকারীর আবেদক্রমে অর্থ বৎসরের যে কোন ভগ্নাংশের জন্যও লাইসেন্স প্রদান করা যাইবে, কিন্ত তজ্জন্য বিধি (১০) ও (১১) - তে বর্ণিত ফি ও সিউরিটি বন্ডের পরিমাণে কোন হ্রাস বা পরিবর্তন হইবে না।

**১৩। লাইসেন্স ইত্যাদি হস্তান্তর ও স্থানান্তর ঃ**— মহাপরিচালকের অনুমোদ ব্যতীত কোন লাইসেন্স বা পারমিট হস্তান্তর করা যাইবে না কিংবা লাইসেন্স বা পারমিটে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে উক্ত লাইসেন্স বা পারমিট বলে কোন কার্যক্রম পরিচালনা করা যাইবে না।

**১৪। হিসাব সংরক্ষণ ঃ**— (১) এই বিধিমালার অধীন লাইসেন্স বা পারমিট বলে আমদানীকৃত বা রপ্তানীকৃত, উৎপাদিত, পাইকারী বিক্রয়কৃত, ব্যবহৃত এবং খুচরা বিক্রয়কৃত সকল মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদের যথাযথ হিসাব যথাক্রমে ফরম ১২, ১৩, ১৪, ১৫ ও ১৬- তে সংরক্ষণ করিতে হইবে।

(২) প্রত্যেক প্রকারের মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদের জন্য পৃথক পৃথক পৃষ্ঠা ব্যবহার করিতে হইবে।

(৩) প্রত্যেক মাসের শেষে লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান তাহার আওতাধীন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদের হিসাবের যোগফল ও সমাপ্তি জের পরীক্ষা করিয়া দেখিবেন এবং হিসাবের নির্ভুলতা সম্পর্কে সত্যায়ন করিয়া স্বাক্ষর প্রদান করিবেন।

(৪) প্রতি তিন মাস পর পর লাইসেন্স বা পারমিট প্রদানকারী কর্তৃপক্ষের নিকট মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদের হিসাবের বিস্তারিত বিবরণী প্রেরণ করিতে হইবে।

(৫) ব্যবস্থাপত্রের ভিত্তিতে কোন রোগী কর্তৃক মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ ব্যবহারের ক্ষেত্রে উক্ত মাদকদ্রব্যের হিসাবরক্ষণের প্রয়োজন নাই।

**১৫। পরিদর্শন ঃ—** (১) মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা এই বিধিমালার অধীন প্রদত্ত যে কোন লাইসেন্স বা পারমিট এবং উক্ত লাইসেন্স বা পারমিটের অধীন স্থাপনা, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম, উপকরণ, কাঁচামাল, উৎপাদিত মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ রেজিষ্টারসমূহ ও হিসাবের খাতাপত্র পরীক্ষা-নিরীক্ষা, যাচাই, পর্যবেক্ষণ ও পরিদর্শন করিতে পারিবেন।

(২) প্রত্যেক লাইসেন্স, পারমিট বা পাসপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তাকে তাহার চাহিদা মোতাবেক যে কোন সময় উক্ত লাইসেন্স পারমিট বা পাস, উহার মজুত যাচাই ও হিসাব পরীক্ষাসহ পরিদর্শন কাজে সকল প্রকার সহযোগিতা করিবেন।

(৩) পরিদর্শনের জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রত্যেক কর্মকর্তা পরিদর্শনকালে পরিদর্শনের জন্য আইনের তাওতায় প্রদত্ত নির্দেশাবলী ও বিধি-বিধান যথাযথভাবে পালন করিবেন।

(৪) পরিদর্শনকারী কর্মকর্তা পরিদর্শনকালে কোন লাইসেন্স বা পারমিটপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক লাইসেন্স বা পারমিটের কোন শর্ত লংঘনসহ এই বিধিমালা বা আইনের অধীন সকল লাইসেন্স বা পারমিটের জন্য প্রযোজ্য সাধারণ বিধানাবলীর কোন বিধান লংঘন করিতে দেখিলে অবিলম্বে তাহা অধিদপ্তরের উপ-অঞ্চলের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট রিপোর্ট করিবেন।

**১৬। লাইসেন্সের মেয়াদ শেষে অবশিষ্ট কিংবা বিক্রয়ের অযোগ্য মাদকদ্রব্য ইত্যাদির বিলিবন্দেজ ঃ—** (১) এই বিধিমালার অধীন প্রদত্ত কোন লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পর উক্ত লাইসেন্সের আওতাধীন অবশিষ্ট সমুদয় মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ অধিদপ্তরের সংশ্লিষ্ট উপ-আঞ্চলিক কর্মকর্তার মাধ্যমে চলতি পাইকারী বাজার দরে অন্য কোন লাইসেন্স বা পারমিটপ্রাপ্ত ব্যক্তির নিকট বিক্রয় করিতে হইবে।

(২) বাজেয়াপ্তকৃত কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ রাসায়নিক পরীক্ষকের পরীক্ষা প্রতিবেদন অনুযায়ী ব্যবহারযোগ্য হইলে উহা এই বিধিমালার অধীন লাইসেন্স বা পারমিটপ্রাপ্ত কোন ব্যক্তির নিকট নিলামে বিক্রয় করিতে হইবে।

(৩) রাসায়নিক পরীক্ষক কর্তৃক ব্যবহারের অযোগ্য ঘোষিত কোন মাদকদ্রব্য, দ্রব্য বা উদ্ভিদ বাজেয়াপ্ত ও ধ্বংস করিতে হইবে।

## ফরম-১

**[বিধি৩(১) ও ৪(৩) দ্রষ্টব্য]**

**মাদকদ্রব্য আমদানী/রপ্তানীর লাইসেন্স/ ছাড়পত্রের আবেদন পত্র ঃ**

১. আবেদন কারীর নাম ঃ ........................................................................

২. পিতার নাম ঃ ........................................................................

৩. ঠিকানা ঃ ........................................................................

স্থায়ী ঃ........................................................................

বর্তমান ঃ........................................................................

পাসপোর্ট নং ঃ ........................................................................

৪. অফিস ও ব্যবসাস্থানের ঠিকানা ঃ ........................................................................

৫. ফোন ঃ অফিস/ব্যবসাস্থান.....................বাসা.....................

৬. আমদানী নিবন্ধন সনদপত্র নং ...........................প্রদানকারী কর্তৃপক্ষ............................

প্রদানের স্থান................................ .......... তারিখ...........................................

৭. ঔষধ প্রশাসন প্রদত্ত ড্রাগ লাইসেন্স নংঃ.........................................................................

প্রদানকারী কর্তৃপক্ষ ঃ ........................................................................

তারিখ ঃ......................... মেয়াদকাল.............................

৮. ট্রেড লাইসেন্স নং ও প্রকার ঃ ........................................................................

প্রদানকারী কর্তৃপক্ষ ঃ ........................................................................

মেয়াদকাল ঃ........................................................................

৯. ইনকাম ট্যাক্স ফাইল নং ঃ ........................................................................

সার্কেল........................................ জোন.....................................................

গত বৎসর পরিশোধকৃত আয়রকরের পরিমাণ.............................................................

১০. রপ্তানিকারকের/আমদানিকারকের নাম ঃ.........................................................................

প্রতিষ্ঠানের নাম ঃ ........................................................................

ঠিকানা ঃ ........................................................................

জাতীয়তা ঃ ........................................................................

১১. কত টাকা মূল্যের আমদানী/রপ্তানী করিতে চান ..........................................................

১২. আমদানী রপ্তানী ক্ষেত্রে, এল.সি, ব্যাংক লোন, ইত্যাদির বিবরণ .......................................

........................................................................................................................

১৩. কি কি মাদকদ্রব্য/মাদকদ্রব্যের কাঁচামাল/উপকরণ আমদানী/রপ্তানী করিতে চান, উহাদের বৈজ্ঞানিক নাম, বাণিজ্যিক নাম, রেসিপি (ফরমুলা) ও পরিমানসহ তার বিস্তারিত বিবরণ (প্রয়োজনে পৃথক পৃথক সীট সংযোজন করা যাইবে) ঃ ..................................................
........................................................................................................................

১৪. উক্ত মাদকদ্রব্য/কাঁচামাল/উপকরণ ইতিপূর্বে আমদানী/রপ্তানী করিয়াছেন কিনা (করিলে উহার তালিকা ও খরচের বিবরণী সংযোজন করিতে হইবে)ঃ .................................................
........................................................................................................................

১৫. ইতিপূর্বে কোন ছাড়পত্র পাইয়াছেন কিনা, পাইলে উহার নম্বর ও তারিখ ...............................
........................................................................................................................

১৬. বর্তমান আমদানি/রপ্তানির উদ্দেশ্য ..........................................................................

১৭. আমদানি/রপ্তানির দেশ ও প্রতিষ্ঠানের নাম এবং আমদানী/রপ্তানীর রুটঃ .............................

১৮. প্রবেশ বন্দর ........................................ নির্গমন বন্দর .........................................

১৯. আমদানি/রপ্তানি কাজে সহায়তাকারী ইনডেন্টর/এজেন্টের নাম, ঠিকানা, জাতীয়তা .................
........................................................................................................................

২০. আমদানি/রপ্তানির সম্ভাব্য সময়কাল ..........................................................................

২১. অন্যান্য তথ্য যাহা আবেদনকারী তাহার আবেদনে যৌক্তিকতা প্রমানের জন্য সরবরাহ করিতে পারেন ...........................................................................................................

আবেদনকারীর স্বাক্ষর
ও সিলমোহর

(আবেদন পত্রে পরিবেশিত তথ্যাবলীর সত্যতার প্রমান হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে)।

## ফরম-২

[ বিধি ৩(২) দ্রষ্টব্য ]

**মাদকদ্রব্য আমদানী/রপ্তানী লাইসেন্স।**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) এর ধারা ১১ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এর বিধি ৩ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ---------------------------------------------------------------------------------
নিম্নবর্ণিত শর্তাবলী ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার/উহার---------------------- তারিখের ----------------------------- আবেদনের পরিপ্রেক্ষিতে এতদ্বারা মাদকদ্রব্য আমদানি/ রপ্তানীর লাইসেন্স প্রদান করিলঃ

১। লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঃ---------------------------------------------------

২। ঠিকানা ঃ---------------------------------------------------
অফিস ঃ---------------------------------------------------
ব্যবসা স্থান ঃ---------------------------------------------------

৩। আমদানী/রপ্তানী লাইসেন্স ও আমদানী/রপ্তানী পারমিট নংঃ------------------------------------
প্রদানকারী কর্তৃপক্ষ ঃ---------------------------------------------------

৪। ঔষধ প্রশাসন প্রদত্ত ড্রাগ লাইসেন্স নংঃ---------------------------------------------------

৫। আমদানী/রপ্তানীর জন্য নির্বাচিত মাদকদ্রব্য এবং উহার উপকরণের বিস্তারিত বিবরণ ও পরিমাণঃ ---------------------------------------------------------------------------
---------------------------------------------------------------------------------------

৬। মোট মূল্যঃ ---------------------------------------------------------------------------

**শর্তাবলীঃ**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ১৫ই জুনের মধ্যে -------------- টাকা অগ্রিম লাইসেন্স ফি পরিশোধ পূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্সে ১লা জুলাই হইতে ৩০শে জুন বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে।

৩. এই লাইসেন্স মহাপরিচালকের অনুমোদন ব্যতীত হস্তান্তর ও স্থানান্তরযোগ্য নহে।

৪. এই লাইসেন্সের অধীন মাদকদ্রব্যসমূহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০(১৯৯০ সনের ২০নং আইন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৯ এবং এই লাইসেন্সের শর্তাধীন ব্যতীত অন্য কোন ভাবে ব্যবহার করা যাইবে না।

৫. এই লাইসেন্সের আওতায় কোন আমদানি, রপ্তানি বা বিক্রয় করিতে হইলে তাহা ৪নং শর্তে বর্ণিত ক্ষেত্র ছাড়াও সরকারের বৈদেশিক মুদ্রা সংক্রান্ত নীতিমালা, আমদানী, রপ্তানী নীতিমালা এবং সরকারের শুল্ক, আবগারী ও ভ্যাট সংক্রান্ত নীতি ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

৬. একমাত্র লাইসেন্সে উল্লিখিত স্থান ব্যতীত মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে অন্য কোথাও এই লাইসেন্সের আওতায় ব্যবসা পরিচালনা বা মাদকদ্রব্য মজুত রাখা যাইবে না।

৭. দেশের বা বিদেশের একমাত্র বৈধ প্রতিষ্ঠান বা ব্যক্তির সংগে সে দেশের/এই দেশের প্রচলিত আইনের বিধান পালন করতঃ এই লাইসেন্সের আওতায় মাদকদ্রব্য আমদানি, রপ্তানি ও ক্রয়-বিক্রয় সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন করা যাইবে।

৮. লাইসেন্সধারী তাহার আমদানীকৃত যাবতীয় মাদকদ্রব্য উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থাধীনে সংরক্ষণ বা মজুত করিবেন।

৯. লাইসেন্সধারী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে দিনে বা রাত্রে যে কোন সময় তাহার লাইসেন্স প্রেমিজ, তথাকার যাবতীয় স্থাপনা, মজুত, রেজিষ্টারসমুহ, হিসাব-পত্র ইত্যাদি পরিদর্শন ও পরীক্ষায় সকল প্রকার সহযোগিতা করিবেন।

১০. লাইসেন্সধারী প্রত্যেকবার কোন মাদকদ্রব্য আমদানির পর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে লিখিতভাবে রিপোর্ট করিবেন এবং উক্ত কর্মকর্তার ব্যক্তিগত উপস্থিতি ও পরীক্ষা-নিরীক্ষা ছাড়া কোন মাদকদ্রব্যের মোড়ক খুলিতে বা উহা হইতে কোন কিছু বিক্রয়, কিংবা উহা কোন উৎপাদন কাজে ব্যবহার করিতে পারিবেন না।

১১. লাইসেন্সধারী উপযুক্ত লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি ছাড়া অন্য কাহারও নিকট তাহার আমদানিকৃত মাদকদ্রব্য বিক্রয় বা কোনরূপ হস্তান্তর করিতে পারিবেন না।

১২. লাইসেন্সধারী নির্ধারিত ফরমে তাহার আমদানিকৃত সকল মাদকদ্রব্যর নিয়মিত হিসাব সংরক্ষণ করিবেন।

১৩. লাইসেন্স গ্রহণ কালে তাহার পরিবেশিত কোন তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এই লাইসেন্সের কোন শর্তাবর্লী কিংবা মহাপরিচালকের কোন আদেশ লংঘন করিলে বিধি মোতাবেক এই লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উহা বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিত করিতে পারিবেন।

১৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) লংঘন কিংবা লাইসেন্সের শর্ত ভংগের কারণে লাইসেন্স বাতিল কিংবা অন্য কোন আইনসঙ্গত ব্যবস্থা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ গ্রহণ করা হইলে উহার বিরুদ্ধে বিভাগীয় আপীল ব্যতীত কোন আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও পদবী।**

**বিশেষ দ্রষ্টব্য ঃ**

- এই লাইসেন্স দুই কপিতে ইস্যু হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সী উহার শর্তাবলী সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।
- এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী কর্মকর্তার অফিসের সিলমোহর , ইস্যু নম্বর, ইত্যাদি না থাকিলে উহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

# ফরম-৩

**[ বিধি ৪(৫) দ্রষ্টব্য ]**

**মাদকদ্রব্য আমদানী/রপ্তানীর ছাড়পত্র ।**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, **১৯৯৯** এর বিধি ৪ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা ------------------------------------------------------------------ নিম্নবর্ণিত শর্তাবলী ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার/উহার --------------- তারিখের ------------------------ আবেদনের প্রেক্ষিতে এতদ্বারা মাদকদ্রব্য আমদানী/রপ্তানীর ছাড়পত্র প্রদান করিলঃ

১। ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নামঃ-----------------------------------------------------

২। ঠিকানা ঃ

অফিসঃ --------------------------------------------------------------------------------

ব্যবসা স্থানঃ ---------------------------------------------------------------------------

৩। আমদানী/রপ্তানী লাইসেন্স ও আমদানী/রপ্তানী পারমিট নংঃ -----------------------------------

প্রদানকারী কর্তৃপক্ষঃ ----------------------------------------------------------------------

৪। ঔষধ প্রশাসন প্রদত্ত ড্রাগ লাইসেন্স নংঃ --------------------------------------------------

৫। রপ্তানিকারক/আমদানিকারকের নামঃ ------------------------------------------------------

প্রতিষ্ঠানের নামঃ -------------------------------------------------------------------------

ঠিকানাঃ -------------------------------------------------------------------------------

৬। আমদানী/রপ্তানীর জন্য নির্বাচিত মাদকদ্রব্য এবং উহার উপাদান ও উপকরণসমূহের বিস্তারিত বিবরণ ও পরিমাণঃ ------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------------

৭। মোট মূল্যঃ ----------------------------------------------------------------------------

৮। অর্থের উৎসঃ -------------------------------------------------------------------------

৯। আমদানী/রপ্তানীর রুটঃ ----------------------------------------------------------------

১০। প্রবেশ বন্দর/নির্গমন বন্দরঃ -------------------------------------------------------------

১১। ইন্ডেন্টরের নাম, ঠিকানা, লাইসেন্স নং ঃ ---------------------------------------------------

--------------------------------------------------------------------------------------

১২। ছাড়পত্রের মেয়াদঃ ----------------------------------------------------------------------

**শর্তাবলীঃ**

১. এই আমদানী/রপ্তানীর ছাড়পত্র অন্য কাহাকেও হস্তান্তর করা যাইবে না ।

২. এই ছাড়পত্র একবারের বেশি ব্যবহার করা যাইবে না ।

৩. এই ছাড়পত্রের মাধ্যমে আমদানিকৃত মাদকদ্রব্য বা উহার উপাদান, উপকরণ এই ছাড়পত্রের জন্য আবেদন পত্রে উল্লিখিত উদ্দেশ্য ব্যতীত অন্য কোনরূপে ব্যবহার করা যাইবে না ।

৪. এই ছাড়পত্রের মাধ্যমে আমদানী/রপ্তানীর ক্ষেত্রে যাবতীয় আর্থিক ও আইনগত দায়দায়িত্ব আমদানী/রপ্তানীকারকের থাকিবে।

৫. এই ছাড়পত্রের বর্ণিত রুট এবং প্রবেশ ও নির্গমন বন্দর ব্যতীত অন্য কোন রুট বা বন্দর ব্যবহার করা যাইবে না।

৬. নির্ধারিত সময়ের মধ্যে এই ছাড়পত্র ব্যবহার করা না হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে। উপযুক্ত কারণ দর্শাইলে প্রদানকারী কর্তৃপক্ষ উহা নবায়ন করিতে পারিবে। তবে একবারের বেশী কোন ছাড়পত্র নবায়ন করা যাইবে না।

৭. এই ছাড়পত্রের মাধ্যমে কোন মাদকদ্রব্য/মাদকদ্রব্যের উপাদান বা উপকরণ আমদানী বা রপ্তানী করিতে হইলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ ছাড়াও সরকারের বৈদেশিক মুদ্রা সংক্রান্ত নীতিমালা, আমদানী-রপ্তানী নীতিমালা এবং শুল্ক, আবগারী ও ভ্যাট সংক্রান্ত নীতি ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

৮. যে কোন যুক্তিসংগত কারণে এই ছাড়পত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে উহার প্রদানকারী কর্তৃপক্ষ বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিত রাখিতে পারিবে।

**প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর**
**পদবী ও সিলমোহর।**

* এই ছাড়পত্রের উপরের দিকে বাম কোণে প্রদানকারী কর্মকর্তার অফিসের সীল মোহর, ইস্যু নম্বর, নথি নম্বর ইত্যাদি না থাকিলে উহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

* কোন কারণে এই ছাড়পত্র ব্যবহার করা না হইলে উহা অবশ্যই সময়সীমা পার হইবার পর প্রদানকারী কর্তৃপক্ষের নিকট ফেরত দিতে হইবে।

**ফরম-৪**

**[বিধি ৫(১) দ্রষ্টব্য]**

**মাদকদ্রব্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ লাইসেন্সের আবেদন পত্র ঃ**

১। আবেদনকারী ব্যক্তি ও তাহার প্রতিষ্ঠানের নাম ঃ ------------------------------------------
-------------------------------------------------------------------------------------

২। পিতার নাম ঃ ----------------------------------------------------------------------

৩। ঠিকানা ঃ

স্থায়ী ঃ -------------------------------------------------------------------------

বর্তমান ঃ -----------------------------------------------------------------------

৪। অফিস ঠিকানা ঃ --------------------------------------------------------------------

৫। ব্যবসা স্থানের ঠিকানাঃ ----------------------------------------------------------------

৬। কারখানার ঠিকানাঃ ------------------------------------------------------------------

৭। ইমপোর্ট লাইসেন্স নং (যদি থাকে) ঃ ----------------------------------------------------

প্রদানকারী কর্তৃপক্ষঃ -------------------------------------------------------------------

৮। ঔষধ প্রশাসন কর্তৃক প্রদত্ত ড্রাগ উৎপাদন লাইসেন্স নং ঃ -------------------------------------

প্রদানকারী কর্তৃপক্ষ ঃ ------------------------------------------ তারিখ ঃ---------------

মেয়াদকাল ঃ--------------------------------------------------------------------------

৯। ট্রেড লাইসেন্স নং ও প্রকার ঃ --------------------------------------------------------

প্রদানকারী কর্তৃপক্ষ ঃ ------------------------------------------ মেয়াদকাল ঃ-----------

১০। ইনকাম ট্যাক্স ফাইল নং ঃ ---------------------------------------------------------

সার্কেল ঃ-------------------------------------------------- জোন ঃ---------------------

গত বৎসর পরিশোধকৃত আয়করের পরিমাণ ঃ ---------------------------------------------

১১। কি কি মাদকদ্রব্য, মাদকদ্রব্যের উপকরণ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ করিতে চান, উহাদের বাণিজ্যিক নাম, বৈজ্ঞানিক নাম, রেসিপি (ফর্মূলা) ও পরিমাণসহ তার বিস্তারিত তালিকা (প্রয়োজনে পৃথক সীট সংযোজন করা যাইবে)।

১২। উক্ত মাদকদ্রব্যসমূহ বা উহাদের কাঁচামাল ইতিমধ্যে আমদানী করিয়াছেন কিনা? করিলে তালিকাসহ বিশদ হিসাব বিবরণী দিতে হইবে।

১৩। মাদকদ্রব্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল ও উপকরণ আমদানী না করিয়া থাকিলে কোথা হইতে সরবরাহ পাইবেন উহার বিশদ বিবরণ।

১৪। মাদকদ্রব্য উৎপাদনকারী কারখানা/ল্যাবরেটরীর নীল নক্শা, স্থাপনা ও যন্ত্রপাতির বিবরণ প্রদান করিতে হইবে।

১৫। মাদকদ্রব্য উৎপাদনকারী কারখানার জনবল ও কর্মকর্তা-কর্মচারীর তালিকা প্রদান করিতে হইবে।

১৬। মাদকদ্রব্য উৎপাদনকারী কারখানায় নিযুক্ত কেমিস্ট/কেমিস্টদের জীবনবৃত্তান্ত, যোগ্যতার সার্টিফিকেট, নিয়োগপত্র ইত্যাদি দাখিল করিতে হইবে।

১৭। পাইকারী বিক্রয় ও মজুত করার দোকান ও গোডাউনের নীল নক্‌শা, নিয়োজিত কর্মচারীদের তালিকা, নিয়োগকৃত ফার্মাসিস্টের জীবনবৃত্তান্ত, যোগ্যতার সার্টিফিকেট, নিয়োগপত্র ইত্যাদি দাখিল করিতে হইবে।

১৮। উৎপাদিত মাদকদ্রব্যের মান নিয়ন্ত্রণের কি কি ব্যবস্থা আছে উহার বর্ণনা।

১৯। অন্যান্য তথ্য, যাহা আবেদনকারী তাহার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন।

**আবেদনকারীর স্বাক্ষর**
**ও সিলমোহর**

(আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলীর সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে।)

**ফরম-৫**

**[ বিধি ৫(২) দ্রষ্টব্য ]**

**মাদকদ্রব্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ লাইসেন্স।**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) এর ধারা ১১ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এর বিধি ৫ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ------------------------------------------------------- নিম্নবর্ণিত শর্তাবলী ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার/উহার ------------------- তারিখের --------------- আবেদনের প্রেক্ষিতে মাদকদ্রব্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের জন্য লাইসেন্স প্রদান করিল ঃ

১. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি ও তাহার প্রতিষ্ঠানের নাম ঃ ------------------------------------------
-------------------------------------------------------------------------------------

২. প্রতিষ্ঠানের ঠিকানাঃ -------------------------------------------------------------
অফিসঃ -------------------------------------------------------------------------
ব্যবসা স্থানঃ ---------------------------------------------------------------------
কারখানাঃ ----------------------------------------------------------------------

৩. ঔষধ প্রশাসন প্রদত্ত ড্রাগ লাইসেন্স নং ঃ ----------------------------------------------

৪. উৎপাদনযোগ্য ও প্রক্রিয়াজাতকরণযোগ্য মাদকদ্রব্যসমূহের বিবরণ ও পরিমাণঃ ----------------
-------------------------------------------------------------------------------------
-------------------------------------------------------------------------------------

৫. উপযুক্ত কেমিস্ট/ফার্মাসিস্টের নামঃ ----------------------------------------------------

**শর্তাবলীঃ**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ১৫ জুনের মধ্যে ------------- টাকা লাইসেন্স ফি অগ্রীম পরিশোধ করিতে হইবে।

২. এই লাইসেন্স ১লা জুলাই হইতে ৩০শে জুন বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে।

৩. এই লাইসেন্স মহাপরিচালকের অনুমোদন ব্যতীত হস্তান্তর/স্থানান্তর যোগ্য নহে।

৪. এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে মাদকদ্রব্য উৎপাদন, মজুত ও বিক্রয় করা যাইবে না।

৫. এই লাইসেন্সে তালিকাভুক্ত মাদকদ্রব্য ব্যতীত অন্য কোন মাদকদ্রব্য উৎপাদন, মজুত ও বিক্রয় করা যাইবে না।

৬. কেবলমাত্র লাইসেন্সে বর্ণিত পরিমাণ মাদকদ্রব্যই উৎপাদন, মজুত ও বিক্রয় করা যাইবে।

৭. মাদকদ্রব্য উৎপাদনকারী অবশ্যই মহাপরিচালকের অনুমোদিত রেসিপি বা ফার্মাকোপিয়া অনুসরণ করিবেন।

৮. দক্ষ কেমিস্ট/ফার্মাসিস্টের প্রত্যক্ষ তত্ত্বাবধান ব্যতীত এই লাইসেন্সের আওতাভূক্ত কোন মাদকদ্রব্য উৎপাদন/বিক্রয় করা যাইবে না ।

৯. উৎপাদিত মাদকদ্রব্যের রাসায়নিক গুণাগুণ, মান ও কার্যকারিতা কোন স্বীকৃত পরীক্ষাগারে পরীক্ষার পরই কেবল মহাপরিচালকের অনুমোদনক্রমে উক্ত মাদকদ্রব্য বাজারজাত ও বিক্রয় করা যাইবে ।

১০. উৎপাদনকালে অবশ্যই মাদকদ্রব্যের মান, গুণাগুণ ও কার্যকারিতা রক্ষা করিতে হইবে ।

১১. উৎপাদিত সকল মাদকদ্রব্যের মোড়ক ও লেবেলের গায়ে উহার উপাদানসমূহের পরিমাণ সম্পর্কে ঘোষণা থাকিতে হইবে ।

১২. উৎপাদিত সকল মাদকদ্রব্যের মোড়কে ও লেবেলের গায়ে "ব্যবস্থাপত্র ব্যতীত ব্যবহার বিপজ্জনক" সতর্কবাণী মুদ্রিত থাকিতে হইবে ।

১৩. এই লাইসেন্সের আওতায় মজুতকৃত সকল মাদকদ্রব্যের চুরি যাওয়া কিংবা বেহাত হওয়ার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামুলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে ।

১৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এর বিধি ৬ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভূক্ত কোন মাদকদ্রব্য বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না ।

১৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে দিনে বা রাত্রে যে কোন সময় এই লাইসেন্স, উহার আওতাভুক্ত প্রেমিজ, স্থাপনা, যন্ত্রপাতি, সাজসরঞ্জাম, উৎপাদিত মাদকদ্রব্য ও উহাদের উপাদান, উপকরণ ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করার কাজে লাইসেন্সধারী সকল প্রকার সহযোগিতা করিবেন ।

১৬. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভূক্ত মাদকদ্রব্য ও উহার উপকরণসমুহের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে ।

১৭. এই লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করা হইলে কিংবা ইহার সহিত সংশ্লিষ্ট কোন আইন বা বিধির বিধান লংঘন করা হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উহা বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিতকরণসহ অন্য যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন । এই জন্য একমাত্র বিভাগীয় আপীল ব্যতীত অন্য কোন ব্যবস্থা গ্রহণ করা কিংবা আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না ।

**প্রদানকারী কর্তৃপক্ষের**
**স্বাক্ষর ও পদবী**

বিঃ দ্রঃ— এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সী উহার শর্তাবলী সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন ।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী কর্মকর্তার অফিসের সিল মোহর, ইস্যু নম্বর, নথি নম্বর ইত্যাদি না থাকিলে উহা বৈধ বলিয়া গণ্য হইবে না ।

**ফরম -৬**

**[ বিধি ৬ (৬) দ্রষ্টব্য]**

**মাদকদ্রব্য খুচরা বিক্রয়ের লাইসেন্সের জন্য আবেদনপত্র ।**

১। আবেদনকারী ব্যক্তি ও তাহার প্রতিষ্ঠানের নাম ঃ-------------------------------------------
---------------------------------------------------------------------------------

২। পিতার নামঃ ----------------------------------------------------------------------

৩। ঠিকানাঃ
স্থায়ীঃ -------------------------------------------------------------------------
বর্তমানঃ -----------------------------------------------------------------------

৪। ব্যবসা স্থানের ঠিকানাঃ ---------------------------------------------------------

৫। ঔষধ প্রশাসন কর্তৃক প্রদত্ত ড্রাগ লাইসেন্স নং ------------------------------------------
প্রদানকারী কর্তৃপক্ষ ---------------------------------------------- তারিখ -------------
মেয়াদকাল ---------------------------------------------------------------------------

৬। ট্রেড লাইসেন্স নং ও প্রকার -------------------------------------------------------
প্রদানকারী কর্তৃপক্ষ ----------------------------------------- মেয়াদকাল-----------------

৭। ইনকাম ট্যাক্স ফাইল নংঃ ---------------------------------------------------------
সার্কেল ----------------------------------------------- জোন-------------------------
গত বৎসরের পরিশোধকৃত আয়করের পরিমাণ------------------------------------------

৮। কি কি মাদকদ্রব্য/মাদকদ্রব্যের উপকরণ বিক্রয় করিতে চান উহাদের বাণিজ্যিক নাম, বৈজ্ঞানিক নাম, রেসিপি(ফর্মুলা) ও পরিমাণসহ বিস্তারিত তালিকা (প্রয়োজনে পৃথক শিট সংয়োজন করা যাইবে) ।

৯। দোকান ও গোডাউনের নীল নক্সা ও ভাড়ার রশিদ জমা দিতে হইবে ।

১০। দোকানের কর্মকর্তা, কর্মচারীদের তালিকা দিতে হইবে ।

১১। দোকানে নিযুক্ত ফার্মাসিস্টের জীবনবৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা/ফার্মাসিস্ট সার্টিফিকেটের কপি, নিয়োগপত্র ইত্যাদির কপি জমা দিতে হইবে ।

১২। অন্যান্য তথ্যঃ যাহা আবেদনকারী তাহার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন ।

**আবেদনকারীর স্বাক্ষর**
**ও সিলমোহর**

(আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলীর সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে ।)

**ফরম -৭**

**[ বিধি ৬ (৭) দ্রষ্টব্য]**

**মাদকদ্রব্য খুচরা বিক্রয়ের লাইসেন্স ।**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) এর ধারা ১১ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এর বিধি ৬ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা ------------------------------------------------------- নিম্নবর্ণিত শর্তাবলী ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার/উহার ------------------- তারিখের ------------- আবেদনের প্রেক্ষিতে মাদকদ্রব্য ক্রয় ও খুচরা বিক্রয়ের জন্য লাইসেন্স প্রদান করিলঃ

১। লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির নামঃ -----------------------------------------------------------

২। প্রতিষ্ঠানের ঠিকানাঃ -----------------------------------------------------------------

৩। অফিসঃ --------------------------------------------------------------------------

৪। ব্যবসাস্থানঃ ----------------------------------------------------------------------

৫। ঔষধ প্রশাসন প্রদত্ত ড্রাগ লাইসেন্স নংঃ-------------------------------------------------

৬। খুচরা বিক্রয়ের জন্য মাদকদ্রব্যসমূহের বিবরণ ও অনুমোদিত পরিমাণ (বাণিজ্যিক নাম, বৈজ্ঞানিক নাম ও রেসিপি সহ)ঃ ----------------------------------------------------------

-------------------------------------------------------------------------------------

৬। উপযুক্ত ফার্মাসিস্টের নাম ও রেজিস্ট্রেশন নংঃ--------------------------------------------

-------------------------------------------------------------------------------------

**শর্তাবলীঃ**

১। এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ১৫ জুনের মধ্যে ------------- টাকা লাইসেন্স ফি অগ্রিম পরিশোধ করিতে হইবে ।

২। এই লাইসেন্স ১লা জুলাই হইতে ৩০শে জুন কিংবা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে ।

৩। এই লাইসেন্স মহাপরিচালকের অনুমোদন ব্যতীত হস্তান্তর/স্থানান্তর যোগ্য নহে ।

৪। এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে মাদকদ্রব্য মজুত ও বিক্রয় করা যাইবে না ।

৫। লাইসেন্স প্রাপ্ত উৎপাদক কিংবা পাইকারী বিক্রেতা ব্যতীত অন্য কাহারো নিকট হইতে এই লাইসেন্সের অধীন মাদকদ্রব্য ক্রয় করা যাইবে না ।

৬। এই লাইসেন্সে বর্ণিত মাদকদ্রব্য ব্যতীত অন্য কোন মাদকদ্রব্য ক্রয়, মজুত ও বিক্রয় করা যাইবে না ।

৭। কেবলমাত্র লাইসেন্সে বর্ণিত পরিমাণ মাদকদ্রব্যই মজুত ও বিক্রয় করা যাইবে ।

৮। এই লাইসেন্সে উল্লিখিত ফার্মাসিস্ট ব্যতীত অন্য কোন ব্যক্তি মাদকদ্রব্য বিক্রয়ের কাজ করিতে পারিবে না।

৯। কোন কারণে ফার্মাসিস্টের পরিবর্তন করিতে চাহিলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে করিতে হইবে।

১০। এই লাইসেন্সের অধীন মজুতকৃত মাদকদ্রব্যের চুরি যাওয়া, বেহাত হওয়া কিংবা অপব্যবহার হওয়ার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামুলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১১। উপযুক্ত চিকিৎসকের ব্যবস্থাপত্রের অধীন কোন রোগী বা তাহার প্রতিনিধির নিকট ব্যতীত অন্য কাহারো নিকট এই লাইসেন্সের অধীন কোন মাদকদ্রব্য বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না।

১২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোন ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে দিনে বা রাত্রে যে কোন সময় এই লাইসেন্স, উহার আওতাভুক্ত প্রেমিজ, স্থাপনা, মজুত মাদকদ্রব্য রেজিস্টার, হিসাবের খাতাপত্র, ক্যাশমেমো, ব্যবস্থাপত্র ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করার কাজে লাইসেন্সধারী সকল প্রকার সহযোগিতা করিবেন।

১৩। নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভূক্ত মাদকদ্রব্যসমূহের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

১৪। কোন ব্যক্তির নিকট ব্যবস্থাপত্রে বর্ণিত পরিমাণের অধিক মাদকদ্রব্য বিক্রয় করা যাইবে না।

১৫। উপযুক্ত চিকিৎসকের ব্যবস্থাপত্রে প্রদত্ত নির্দেশ ব্যতীত একবারের বেশি কোন ব্যবস্থাপত্রের বিপরীতে মাদকদ্রব্য বিক্রয় করা যাইবে না।

১৬। সকল ব্যবস্থাপত্রের কপি লাইসেন্সধারী কর্তৃক সংরক্ষণ করিতে হইবে।

১৭। এই লাইসেন্সের কোন শর্ত ভংগ করা হইলে কিংবা ইহার সহিত সংশ্লিষ্ট কোন আইন বা বিধির বিধান লংঘন করা হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উহা বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিতকরণসহ অন্য যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন। এই জন্য একমাত্র বিভাগীয় আপীল ব্যতিত অন্য কোন ব্যবস্থা গ্রহণ করা কিংবা আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের**
**স্বাক্ষর ও পদবী**

বিঃ দ্রঃ— এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সী উহার শর্তাবলী সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী কর্মকর্তার অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর ইত্যাদি না থাকিলে উহা বৈধ বলিয় গণ্য হইবে না।

**ফরম -৮**

**[ বিধি ৮(১) দ্রষ্টব্য]**

**মাদকদ্রব্য ব্যবহারের জন্য পারমিটের আবেদনপত্র ।**

১। আবেদনকারী ব্যক্তি ও তাহার প্রতিষ্ঠানের নাম ঃ-------------------------------------------

২। রেজিস্ট্রেশন/স্বাস্থ্য বিভাগ প্রদত্ত লাইসেন্স নং ঃ-------------------------------------------

৩। ঠিকানাঃ ---------------------------------------------------------------------------

৪। ট্রেড লাইসেন্স নং ঃ -----------------------------------------------------------------
প্রদানকারী কর্তৃপক্ষ ঃ -------------------------------------------------------------
মেয়াদকালঃ ---------------------------------------------------------------------------

৫। ইনকাম ট্যাক্স ফাইল নংঃ ------------------------------------------------------------
সার্কেল -------------------------------------------------- জোন ----------------------
গত বৎসরের পরিশোধকৃত আয়করের পরিমাণ-------------------------------------------

৬। প্রতিষ্ঠানের নীল নকশা ঃ -------------------------------------------------------------

৭। প্রতিষ্ঠানের কর্মকর্তা, কর্মচারীদের বিবরণ ও তালিকা ঃ -------------------------------------
-------------------------------------------------------- (প্রয়োজনে পৃথক শিট ব্যবহার করা যাইবে) ।

৮। প্রতিষ্ঠানে নিয়োজিত চিকিৎসকদের তালিকা, শিক্ষাগত যোগ্যতা ও রেজিষ্ট্রেশন নম্বরসহ বিবরণীঃ------------------------------------------------------ (প্রয়োজনে পৃথক শিট ব্যবহার করা যাইবে) ।

৯। যে সকল মাদকদ্রব্য ব্যবহারের জন্য লাইসেন্স দরকার উহাদের বাণিজ্যিক নাম, বৈজ্ঞানিক নাম, রেসিপি (ফর্মুলা) ও পরিমাণসহ বিস্তারিত তালিকা (প্রয়োজনে পৃথক শিট সংয়োজন করা যাইবে) ।

১০। অন্যান্য তথ্যঃ যাহা আবেদনকারী তাহার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন ।

**আবেদনকারীর স্বাক্ষর**
**ও সীল মোহর**

(আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলীর সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে ।)

**ফরম -৯**

**[ বিধি ৮ (২) দ্রষ্টব্য]**

**মাদকদ্রব্য ব্যবহারের পারমিট ।**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) এর ধারা ১১ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এর বিধি ৮ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা ------------------------------------ নিম্নবর্ণিত শর্তাবলী ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার/উহার --------------------- তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে মাদকদ্রব্য ব্যবহারের জন্য পারমিট প্রদান করিল ঃ

১। পারমিট প্রাপ্ত ব্যক্তি ও তাহার প্রতিষ্ঠানের নাম ঃ ------------------------------------------

২। রেজিস্ট্রেশন/স্বাস্থ্য বিভাগ প্রদত্ত লাইসেন্স নং ঃ ------------------------------------------

৩। ঠিকানা ঃ---------------------------------------------------------------------------

৪। মাদকদ্রব্য ব্যবহারকারী চিকিৎসকদের নাম ও রেজিস্ট্রেশন নং ঃ------------------------------

৫। যে সকল মাদকদ্রব্য ব্যবহার করিতে হইবে উহাদের বাণিজ্যিক নাম, বৈজ্ঞানিক নাম, রেসিপি (ফর্মুলা) ও পরিমাণসহ বিবরণ ।

**শর্তাবলীঃ**

১. এই পারমিট বাবদ প্রতি বৎসর ১৫ই জুনের মধ্যে ------------------- টাকা পারমিট ফি অগ্রিম পরিশোধ করিতে হইবে ।

২. ১লা জুলাই হইতে ৩০শে জুন কিংবা পারমিটে উল্লিখিত সময়ের জন্য এই পারমিট বহাল থাকিবে ।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই পারমিট হস্তান্তর/স্থানান্তর যোগ্য নহে ।

৪. এই পারমিটে উল্লিখিত স্থান ব্যতীত অন্য কোথায়ও মাদকদ্রব্য মজুত কিংবা ব্যবহার করা যাইবে না ।

৫. একমাত্র লাইসেন্সপ্রাপ্ত উৎপাদক কিংবা পাইকারী বিক্রেতা ব্যতীত অন্য কাহারও নিকট হইতে এই পারমিটের অধীন ব্যবহারযোগ্য মাদকদ্রব্য ক্রয় করা যাইবে না ।

৬. এই পারমিটে বর্ণিত মাদকদ্রব্য ব্যতীত অন্য কোন মাদকদ্রব্য ব্যবহার করা যাইবে না ।

৭. কেবলমাত্র পারমিটে অনুমোদিত পরিমাণ মাদকদ্রব্য ব্যবহার করা যাইবে ।

৮. এই পারমিটে উল্লিখিত চিকিৎসকের ব্যবস্থাপত্র ব্যতীত এবং অনুমোদিত নার্স ও কম্পাউন্ডার ব্যতীত অন্য কেহ এই পারমিটের আওতাভুক্ত মাদকদ্রব্য ব্যবহার করিতে পারিবে না ।

৯. কোন কারণে এই পারমিটে উল্লিখিত চিকিৎসক, নার্স ও কম্পাউন্ডার পরিবর্তন করিতে হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে করিতে হইবে। তবে সরকারী হাসপাতালের ক্ষেত্রে উক্ত অনুমোদন প্রয়োজন হইবে না।

১০. এই পারমিটের আওতাভুক্ত যাবতীয় মাদকদ্রব্য চুরি যাওয়া, বেহাত হওয়া কিংবা অপব্যবহার হওয়ার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১১. একমাত্র চিকিৎসার উদ্দেশ্যে হাসপাতাল/ক্লিনিকে আওতাভুক্ত প্রকৃত রোগী ব্যতীত অন্য কাহারও উপর এই পারমিটের আওতাভুক্ত মাদকদ্রব্য প্রয়োগ বা ব্যবহার করা যাইবে না।

১২. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোন ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে দিনে বা রাত্রে যে কোন সময় এই পারমিট, উহার আওতাভুক্ত স্থাপনা, মজুত মাদকদ্রব্য, রেজিষ্ট্রার, কাগজপত্র, হিসাবের খাতাপত্র, ক্যাশমেমো, প্রেসক্রিপশন ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার সকল প্রকার সহযোগিতা প্রদান করিতে হইবে।

১৩. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই পারমিটের আওতাভুক্ত মাদকদ্রব্যের হিসাব সংরক্ষণ করিতে হইবে।

১৪. এই পারমিটের কোন শর্ত ভংগ করা হইলে, কিংবা ইহার সহিত সংশ্লিষ্ট কোন আইন বা বিধির বিধান লংঘন করা হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উহা বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিতকরণসহ অন্য যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন। এই জন্য একমাত্র বিভাগীয় আপীল ব্যতীত অন্য কোন ব্যবস্থা গ্রহণ করা কিংবা আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও পদবী**

বিঃ দ্রঃ— এই পারমিট দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে পারমিটধারী উহার শর্তাবলী সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই পারমিটের উপরে বামদিকে প্রদানকারী কর্মকর্তার অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর ইত্যাদি না থাকিলে উহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

## ফরম -১০

**[ বিধি ৯ (১) দ্রষ্টব্য]**

**মাদকদ্রব্য বহন/পরিবহনের জন্য পাসের আবেদনপত্র ।**

১। আবেদনকারী নাম ঃ ----------------------------------------------------------------

২। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ --------------------------------------------------------

৩। সংশ্লিষ্ট মাদকদ্রব্য সরবরাহকারীর লাইসেন্স নং ঃ -------------------------------------------
প্রদানকারী কর্তৃপক্ষ ঃ ------------------------------------------------------------
মেয়াদকাল ঃ -------------------------------------------------------------------

৪। যে প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট হইতে মাদকদ্রব্যের সরবরাহ গ্রহণ করিতে হইবে তাহার নাম, ঠিকানা, লাইসেন্স নং ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-অঞ্চলের নামঃ --------------------
--------------------------------------------------------------------------------

৫। যে স্থানে পরিবহন করিয়া আনিতে হইবে উহার নাম ও ঠিকানা ঃ -----------------------------
--------------------------------------------------------------------------------

৬। পরিবহনের রুট ও মাধ্যম ঃ ---------------------------------------------------------

৭। পরিবহনের সম্ভাব্য সময়কাল ঃ ------------------------------------------------------

৮। পরিবহনের উদ্দেশ্য ঃ ---------------------------------------------------------------

৯। পরিবহনে সহায়তাকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ------------------------------------

১০। ইতিপূর্বে সর্বশেষ কবে পরিবহন পাস নিয়াছেন ও কি পরিমাণ মাদকদ্রব্য পরিবহন করিয়াছেনঃ ------------------------------------------------------------------------

১১। ইতিপূর্বে পরিবহনকৃত মাদকদ্রব্যের খরচের বিবরণী ঃ --------------------------------------

১২। অন্যান্য তথ্য যাহা আবেদনকারী তাহার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন। (আবেদন পত্রে পরিবেশিত তথ্যাবলীর সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে) ।

**আবেদনকারীর স্বাক্ষর**
**ও সিলমোহর ।**

**ফরম -১১**

**[ বিধি ৯ (২) দ্রষ্টব্য]**

**মাদকদ্রব্য এক স্থান হইতে অন্য স্থানে বহন/পরিবহনের জন্য পাস ।**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) এর ধারা ১১ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এর বিধি ৯ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা ---------------------------------------------------- নিম্নবর্ণিত শর্তাবলী ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে তাহার/ উহার ---------------------------- তারিখের আবেদনের প্রেক্ষিতে এতদ্বারা মাদকদ্রব্য বহন/ পরিবহনের জন্য পাস প্রদান করিল ঃ

১ । পাস ধারীর নাম ঃ ------------------------------------------------------------------

২ । প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ----------------------------------------------------------

৩ । সংশ্লিষ্ট মাদকদ্রব্য সরবরাহকারীর লাইসেন্স নং ঃ ---------------------------------------------
প্রদানকারী কর্তৃপক্ষ ঃ ------------------------------------------------------------------
মেয়াদকাল ঃ -------------------------------------------------------------------------

৪ । যে সকল মাদকদ্রব্য পরিবহন করা হইবে উহাদের বিস্তারিত বিবরণ ও পরিমাণ (বাণিজ্যিক নাম, বৈজ্ঞানিক নাম ও রেসিপিসহ) ঃ ------------------------------------------------
---------------------------------------------------------------------------------------

৫ । যে প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট হইতে মাদকদ্রব্যের সরবরাহ গ্রহণ করিতে হইবে উহার নাম ও ঠিকানা ঃ ---------------------------------------------------------------------------
লাইসেন্স নং ঃ -----------------------------------------------------------------------
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-অঞ্চলের নাম ঃ ------------------------------------------

৬ । যে স্থানে পরিবহন করিয়া আনিতে হইবে উহার নাম ও ঠিকানা ঃ ------------------------------
---------------------------------------------------------------------------------------

৭ । পরিবহনের রুট ও মাধ্যম ঃ ----------------------------------------------------------

৮ । পাসের বৈধতার মেয়াদ ঃ -------------------------------------------------------------

৯ । পরিবহনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ --------------------------------------------

**শর্তাবলী ঃ**

১ । এই পাস হস্তান্তরযোগ্য নহে ।

২ । এই পাস এক বারের বেশি ব্যবহার করা যাইবে না ।

৩ । এই পাস নির্ধারিত সময়ের মধ্যে ব্যবহার করা না হইলে বাতিল বলিয়া গণ্য হইবে । উপযুক্ত কারণ দর্শাইলে ইসুকারী কর্তৃপক্ষ উহা নবায়ন করিতে পারিবেন । তবে একবারের বেশি এইরূপ নবায়ন করা যাইবে না ।

৪ । এই পাসে বর্ণিত পরিমাণের অধিক মাদকদ্রব্য পরিবহন করা যাইবে না ।

৫। এই পাসে উল্লিখিত প্রতিষ্ঠান ব্যতীত অন্য কাহারও নিকট হইতে মাদকদ্রব্যের সরবরাহ লওয়া যাইবে না।

৬। অনুমোদিত পরিবহনকারী ব্যতীত অন্য কেহ এই পাসে উল্লিখিত মাদকদ্রব্য পরিবহন করিতে পারিবে না।

৭। পরিবহনকালে মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা এই পাস ও উহার আওতাভুক্ত মালামাল পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন।

৮। যে কোন উপযুক্ত কারণে ইস্যুকারী কর্তৃপক্ষ এই পাস বাতিল করিতে পারিবে।

**সরবরাহকারী উপ-অঞ্চলের**
**ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার**
**প্রতিস্বাক্ষর ও সলীমোহর।**

**প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর**
**ও সীল মোহর**

* এই পাস তিন কপিতে ইস্যু করা হইবে। প্রথম কপি লাইসেন্সধারীর নিকট, দ্বিতীয় কপি সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট এবং তৃতীয় কপি ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট থাকিবে।

** পাসের উপরে বাম দিকে ইস্যুকারী কর্তৃপক্ষের অফিসের সীল মোহর, নথি নম্বর, ইস্যু নম্বর, ইত্যাদি না থাকিলে এই পাস বৈধ বলিয়া গণ্য হইবে না।

## ফরম -১২

**[বিধি ১৪ (১) দ্রষ্টব্য]**

**মাদকদ্রব্য আমদানী/রপ্তানীর হিসাবের ফরম ঃ**

| মাদকদ্রব্যের নাম | সরবরাহকারী/ গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ইনভয়েস নং ও তারিখ | আমদানী/ রপ্তানীর ছাড়পত্র নং ও তারিখ | প্রাপ্তি/ সরবরাহের তারিখ | প্রারম্ভিক মজুত | আমদানী/ রপ্তানীর পরিমাণ | মোট পরিমাণ | বিক্রয়ের/ ব্যবহারের পরিমাণ | ক্রেতার নাম ও ঠিকানা | অবশিষ্ট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

## ফরম -১৩

**[ বিধি ১৪ (১) দ্রষ্টব্য]**

**মাদকদ্রব্য উৎপাদনের হিসাবের ফরম ঃ**

| মাদকদ্রব্যের নাম | উৎপাদিত মাদকদ্রব্যের ফর্মূলা | ব্যবহৃত কাঁচামালের পরিমাণ | উৎপাদিত মাদকদ্রব্যের পরিমাণ | ব্যাচ নং ও তারিখ | মোট উৎপাদন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |

## ফরম -১৪

**[ বিধি ১৪ (১) দ্রষ্টব্য]**

**মাদকদ্রব্য পাইকারী বিক্রয়ের হিসাবের ফরম ঃ**

| প্রারম্ভিক জের | নতুন প্রাপ্তির উৎস | পাস নং ও তারিখ | প্রাপ্তির পরিমাণ | মোট পরিমাণ | বিক্রয়ের পরিমাণ | ক্রেতার নাম ও ঠিকানা | পাস নং ও তারিখ | অবশিষ্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

## ফরম -১৫

**[ বিধি ১৪ (১) দ্রষ্টব্য]**

**হাসাপাতাল/ক্লিনিক কর্তৃক মাদকদ্রব্য ব্যবহারের হিসাবের ফরম ঃ**

| তারিখ | প্রারম্ভিক মজুত | অদ্যকার প্রাপ্তি | মোট মজুত | কোথা হইতে প্রাপ্তি | পাস নং ও তারিখ | অদ্যকার মোট ব্যবহার | অবশিষ্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |

## ফরম -১৬

**[ বিধি ১৪ (১) দ্রষ্টব্য]**

**মাদকদ্রব্য খুচরা বিক্রয়ের হিসাবের ফরম ঃ**

| তারিখ | প্রারম্ভিক মজুত | অদ্যকার প্রাপ্তি | মোট মজুত | কোথা হইতে প্রাপ্তি | পাস নং ও তারিখ | অদ্যকার মোট ব্যবহার | অবশিষ্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

সফিউর রহমান
স্বরাষ্ট্র সচিব ।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত ।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত ।